রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩০, ২০২২

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ**

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ অনুযায়ী এল.এ মামলা নং-১৯/২০১৮-২০১৯**

**সংশোধিত**

**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

**১৩(২) ধারা মোতাবেক**

চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলাধীন জঙ্গাল দাঁতমারা ও রামগড় মৌজার গত ০৭-০৪-২০২২ খ্রিঃ তারিখে সাপ্তাহিক গেজেটের ৬ষ্ঠ খন্ডে প্রকাশিত হয়েছে। যাহা সংশোধন করা প্রয়োজন।

(স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলির ২৪ নং অনুচ্ছেদ মোতাবেক)

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

০৭-০৪-২০২২ খ্রিঃ তারিখে প্রকাশিত গেজেটে ফটিকছড়ি উপজেলাধীন জঙ্গাল দাঁতমারা মৌজায় বি.এস ৪২৪৮ নং দাগ বাদ পড়েছে, যা অন্তর্ভুক্ত করা প্রয়োজন (১ এর ক নং তফসিল)। এছাড়া পূর্বে প্রকাশিত রামগড় মৌজায় বি.এস ৫১৪৪ নং দাগের খতিয়ান নং ৬৬ ছিল। যার সঠিক খতিয়ান নং হবে ০১ (১ এর খ নং তফসিল)।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ২০১৭ এর ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি "ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ)" এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

**(১ এর ক নং) তফসিল (পূর্বে গেজেটে প্রকাশিত হয়নি যা নতুনভাবে প্রকাশিত হবে)**

জেলা-চট্টগ্রাম, উপজেলা-ফটিকছড়ি, মৌজা-জঙ্গাল দাঁতমারা, জে, এল নং-৪৪

| বি.এস. খতিয়ান | দাগ নম্বর | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|
| ১ | ৪২৪৮ | নাল | নাল | ০.৯০০০ | ০.২২২০ |

**(১ এর খ নং) তফসিল (পূর্বে প্রকাশিত হয়েছিল। বর্তমানে সঠিকভাবে প্রকাশিত তফসিল)**

জেলা-চট্টগ্রাম, উপজেলা-ফটিকছড়ি, মৌজা-রামগড়, জে, এল নং-০৩

| বি.এস. খতিয়ান | দাগ নম্বর | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|
| ১ | ৫১৪৪ | বাড়ী | বাড়ী | ০.৪১০০ | ০.১১৪০ |

**মোহাম্মদ মমিনুর রহমান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা**
**(স্থানীয় সরকার শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৯/২২ জুন ২০২২

**সাতক্ষীরা জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য ওয়ার্ডের সীমা নির্ধারণ**

**নং ০৫.৪৪.৮৭০০.০০৭.১৮.০১৭.২২-৫৫০**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের জেলা পরিষদ শাখা এর ১৮ এপ্রিল ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.৪২.১৮.০০৭.২২-৬০৬ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ (ওয়ার্ডের সীমা নির্ধারণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ৬(২) মোতাবেক আমি মোহাম্মদ হুমায়ুন কবির, জেলা প্রশাসক ও সীমা নির্ধারণ কর্মকর্তা, জেলা পরিষদ নির্বাচনের জন্য ০৭ টি সাধারণ ওয়ার্ড এবং ০৩টি সংরক্ষিত মহিলা সদস্য ওয়ার্ড এর সীমা নির্ধারণপূর্বক চূড়ান্ত তালিকা প্রকাশ করলাম :

| সাধারণ ওয়ার্ড নম্বর | ওয়ার্ড অধিভুক্ত ইউনিয়ন/পৌরসভা |
|---|---|
| সাত-সাধারণ-১ | তালা উপজেলার ধানদিয়া, ইসলামকাটি, জালালপুর, খলিলনগর, খলিষখালী, খেশরা, কুমিরা, মাগুরা, নগরঘাটা, সরুলিয়া, তালা সদর, তেতুঁলিয়া |
| সাত-সাধারণ-২ | কলারোয়া পৌরসভা, কলারোয়া উপজেলার চন্দনপুর, দেয়াড়া, লাঙ্গালঝাড়া, হেলাতলা, জয়নগর, যুগিখালী, কেরালকাতা, কুশোডাঙ্গা, কয়লা, সোনাবাড়িয়া |
| সাত-সাধারণ-৩ | কলারোয়া উপজেলার জালালাবাদ, কেঁড়াগাছি<br>সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা সদর উপজেলার আগরদাড়ী, বৈকারী, বল্লী, বাঁশদহা, ঘোনা, ঝাউডাঙ্গা, কুশখালী, লাবসা, শিবপুর |
| সাত-সাধারণ-৪ | সাতক্ষীরা সদর উপজেলার ফিংড়ি, ব্রক্ষরাজপুর, ধুলিহর, ভোমরা, আলিপুর<br>দেবহাটা উপজেলার দেবহাটা, কুলিয়া, নওয়াপাড়া, পারুলিয়া, সখিপুর<br>কালিগঞ্জ উপজেলার নলতা |
| সাত-সাধারণ-৫ | কালিগঞ্জ উপজেলার ভাড়াশিমলা, বিষ্ণুপুর চাম্পাফুল, দক্ষিণ শ্রীপুর, ধলবাড়িয়া, কৃষ্ণনগর, কুশুলিয়া, মথুরেশপুর, মৌতলা, রতনপুর, তারালী |
| সাত-সাধারণ-৬ | আশাশুনি উপজেলার আনুলিয়া, আশশুনি, বড়দল, বুধহাটা, দরগাহপুর, কাদাকাটি, খাজরা, কুল্যা, প্রতাপনগর, শোভনালী, শ্রীউলা |
| সাত-সাধারণ-৭ | শ্যামনগর উপজেলার আটুলিয়া, ভুরুলিয়া, বুড়িগোয়ালিনী, গাবুরা, ঈশ্বরীপুর, কৈখালী, কাশিমাড়ি, মুন্সিগঞ্জ, নূরনগর, পদ্মপুকুর, রমজাননগর, শ্যামনগর সদর |

| সংরক্ষিত মহিলা ওয়ার্ড নম্বর | ওয়ার্ড অধিভুক্ত ইউনিয়ন/পৌরসভা |
|---|---|
| সাত-সংরক্ষিত-১ | তালা উপজেলার ধানদিয়া, ইসলামকাটি, জালালপুর, খলিলনগর, খলিষখালী, খেশরা, কুমিরা, মাগুরা, নগরঘাটা, সরুলিয়া, তালা, তেতুঁলিয়া,<br>কলারোয়া পৌরসভা, কলারোয়া উপজেলার চন্দনপুর, দেয়াড়া, লাঙ্গলঝাড়া, হেলাতলা, জালালাবাদ, জয়নগর, যুগিখালী, কেঁড়াগাছি, কেরালকাতা, কুশোডাঙ্গা, কয়লা সোনাবাড়িয়া, আশাশুনি উপজেলার কুল্যা, বুধহাটা |
| সাত-সংরক্ষিত-২ | সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা সদর উপজেলার আগরদাড়ী, আলিপুর, বৈকারী, বল্লী, বাঁশদহা, ভোমরা, ব্রহ্মরাজপুর, ফিংড়ী, ধুলিহর, ঘোনা, ঝাউডাঙ্গা, কুশখালী, লাবসা, শিবপুর<br>দেবহাটা উপজেলার দেবহাটা, কুলিয়া, নওয়াপাড়া, পারুলিয়া, সখিপুর<br>আশাশুনি উপজেলার আনুলিয়া, আশাশুনি, বড়দল,দরগাহপুর, কাদাকাটি, খাজরা, প্রতাপনগর |
| সাত-সংরক্ষিত-৩ | আশাশুনি উপজেলার শ্রীউলা, শোভনালী<br>কালিগঞ্জ উপজেলার ভাড়াশিমলা, বিষ্ণুপুর, চাম্পাফুল, দক্ষিণ শ্রীপুর, ধলবাড়িয়া, কৃষ্ণনগর, কুশুলিয়া, মথুরেশপুর, মৌতলা, নলতা, রতনপুর, তারালী<br>শ্যামনগর উপজেলার আটুলিয়া, ভুরুলিয়া, বুড়িগোয়ালিনী, গাবুরা, ঈশ্বরীপুর, কৈখালী, কাশিমাড়ী, মুন্সিগঞ্জ, নূরনগর, পদ্মপুকুর, রমজাননগর, শ্যামনগর সদর |

**মোহাম্মদ হুমায়ুন কবির**
জেলা প্রশাসক, সাতক্ষীরা
ও
সীমা নির্ধারণ কর্মকর্তা।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**বিজ্ঞপ্তি**

**রিজিউম কেস নং-০১/২০২১-২২**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি "মেহেরপুর পৌর বাসস্ট্যান্ড মার্কেট নির্মাণ" প্রকল্পের জন্য এ কার্যালয়ের ০৪/১৯৭০-৭১ এলএ কেসমূলে তৎকালীন কুষ্টিয়া জেলাস্থ ৫৯ নং মেহেরপুর মৌজার সিএস-১৭৬৬ ও ১৫৪০ খতিয়ানে যথাক্রমে ১৩৮৭ দাগে আংশিক ও ১৩৮৭ এর বাটা ২৭৬৬ দাগের ২৫.০০ ও ১৪.০০ শতক মোট ৩৯.০০ শতাংশ জমি হুকুমদখল করা হয় এবং যেহেতু, পৌর বাসস্ট্যান্ড মার্কেট নির্মাণের জন্য দীর্ঘদিন ধরে উক্ত সম্পত্তি অব্যবহৃত অবস্থায় পড়ে আছে এবং যেহেতু হুকুমদখলকৃত সম্পত্তি যে উদ্দেশ্যে হুকুমদখল করা হয়েছিল তার প্রয়োজন নেই এবং যেহেতু, ভূমি অধিগ্রহণ অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১৭(১) ধারা এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ১৯(১)(২) ও (৩) ধারা ও এ ছাড়াও ভূমি মন্ত্রণালয়ের ০৭-০৯-১৯৯৪ খ্রি. তারিখের ভূঃমঃশা-১০/হুঃদঃ/সাধারণ-১/৯৪/৩৪৫(৬৪)-একুইন স্মারকপত্র অনুযায়ী অব্যবহৃত সম্পত্তি সরকারি স্বার্থে রিজিউম করে সরকারের খাস দখলে আনা প্রয়োজন। সেহেতু, আমি ড. মোহাম্মদ মুনসুর আলম খান, জেলা প্রশাসক, মেহেরপুর ০৪/১৯৭০-৭১ নম্বর এলএ কেসের মাধ্যমে হুকুম দখলকৃত বর্তমানে সম্পূর্ণ অব্যবহৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১৭(১) ধারা এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ১৯(১)(২) ও (৩) ধারা ও এ ছাড়াও ভূমি মন্ত্রণালয়ের ০৭-০৯-১৯৯৪ খ্রি. তারিখের ভূঃমঃশা-১০/হুঃদঃ/সাধারণ-১/৯৪/৩৪৫(৬৪)-একুইন নম্বর স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী রিজিউম করে সরকারের খাস দখলে আনয়ন করলাম।

**তফসিল**

মৌজা-৬৬ নং মেহেরপুর, জেলা-মেহেরপুর

| এলএ কেস নং | জমির বর্ণনা | | | | | | দাগে মোট জমির পরিমাণ (শতকে) | | | হুকুমদখলকৃত জমির পরিমাণ (শতকে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৪/১৯৭০-৭১ (পৌর মার্কেট নির্মাণ) | খতিয়ান নং | | | দাগ নং | | | | | | |
| | সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | |
| | ১৫৮৯ | ১৭৬৬ | ১৫ | ১৩৮৭ | ১৩৮৭ | ৫৬৭০ | ২৫.০০ | ২৫.০০ | ৫.৭৫ | ৩৯.০০ (সি এস মোতাবেক) |
| | ১৫৪০ | ১৫৪০ | | ২৭৬৬ | ১৩৮৭/২৭৬৬ | ৫৬৭১ | ১৪.০০ | ১৪.০০ | ১.১৯ | |
| | | | | | | ৫৬৭২ | | | ৩২.০৬ | |

**ড. মোহাম্মদ মুনসুর আলম খান**
জেলা প্রশাসক।